



## NYC-তে ন্যালোক্সোন কীভাবে ক্রয় করা যায়

## নিউ ইয়র্ক সিটিতে ন্যালোক্সোন প্রাপ্তির জন্য একটি নির্দেশিকা

ন্যালোক্সোন বিনামূল্যে কোথা থেকে পাওয়া যাবে বা ক্রয় করা যাবে সহ সেটির বিষয়ে আরও তথ্য, প্রশিক্ষণ এবং সংস্থানগুলির জন্য, [nyc.gov/naloxone](http://nyc.gov/naloxone)-এ যান, **311** নম্বরে কল করুন, অথবা [naloxone@health.nyc.gov](mailto:naloxone@health.nyc.gov)-এ ইমেইল করুন।

মানসিক স্বাস্থ্য এবং মাদক ব্যবহার সংক্রান্ত সহায়তার জন্য, 988 নম্বরে কল বা টেক্সট করুন বা [nyc.gov/988](http://nyc.gov/988)-এ চ্যাট করুন। টেক্সট ও চ্যাট পরিষেবাগুলি ইংরেজি ও স্প্যানিশ ভাষায় উপলব্ধ রয়েছে, এবং ফোনের মাধ্যমে কাউন্সেলরগণ 200টিরও বেশী ভাষায় 24/7 উপলব্ধ রয়েছেন।



প্রেসক্রিপশন ছাড়া ন্যালোক্সোন ক্রয় করতে, এমন কোনও **খুচরা বিক্রেতার কাছে যান যারা বিনা প্রেসক্রিপশনে (over-the-counter, OTC) ওষুধ বিক্রি করে।** (OTC ন্যালোক্সোনের প্রাপ্যতা খুচরা বিক্রেতা হিসাবে ভিন্ন হতে পারে।)



একটি ফার্মেসি-তে যান এবং স্বাস্থ্য বীমা যুক্ত ন্যালোক্সোন ক্রয় করার বিষয়ে জিজ্ঞাসা করুন। (আপনার প্রেসক্রিপশনের প্রয়োজন হবে না, কিন্তু ফার্মেসির আপনার ন্যালোক্সোন অর্ডার করতে সেটির প্রয়োজন হতে পারে।)

যদি কোনও ফার্মেসি Naloxone Co-payment Assistance Program (N-CAP)-এ নথিভুক্ত থাকে, তাহলে আপনার বীমার কো-পেমেন্ট \$40 পর্যন্ত বহন করা যেতে পারে। N-CAP সম্পর্কে আরও তথ্যের জন্য, [bit.ly/n-cap](http://bit.ly/n-cap)-এ যান।



ন্যালোক্সোন হচ্ছে একটি নিরাপদ ওষুধ যা ওপিওয়েডের অতিমাত্রার প্রভাব উপশম করে। নিউ ইয়র্ক স্টেটে যে কারো জন্য ন্যালোক্সোন সাথে রাখা ও ব্যবহার করা বৈধ।

# নিউ ইয়র্ক সিটিতে বিনামূল্যে ন্যালোক্সোন কীভাবে পাওয়া যায়



বিনামূল্যে ন্যালোক্সোন পাওয়ার জন্য — একটি **opioid overdose prevention program (OOPP)**-এর কাছে যান— কমিউনিটির সদস্যদের মধ্যে ন্যালোক্সোন বিতরণের জন্য নিবন্ধিত একটি কমিউনিটি-ভিত্তিক সংস্থা।



NYC স্বাস্থ্য বিভাগ কর্তৃক আয়োজিত একটি **ভার্চুয়াল প্রশিক্ষণ**-এ যোগ দিন এবং ডাকযোগে একটি বিনামূল্যে ন্যালোক্সোন কিট প্রাপ্ত করুন।



**Free Naloxone in NYC Pharmacies Program**-এ অংশগ্রহণকারী একটি ফার্মেসিতে যান এবং ফার্মাসিস্টের কাছে একটি বিনামূল্যে ন্যালোক্সোন কিটের বিষয়ে জিজ্ঞাসা করুন (কোনও ID বা স্বাস্থ্য বীমার প্রয়োজন নেই)।



বিনামূল্যে ন্যালোক্সোন, সেইসাথে অন্যান্য স্বাস্থ্য ও সুস্থতার সরবরাহ প্রাপ্ত করতে, সুবিধাজনকভাবে এবং বেনামে, একটি **পাবলিক হেলথ ভেন্ডিং মেশিন** ব্যবহার করুন।

ভেন্ডিং মেশিনের স্থানগুলির একটি তালিকার জন্য, **nyc.gov/alcoholanddrugs**-এ যান।